



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

বৈদেশিক সংগ্রহ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৪.৯৯.০০৫.২০.১০১

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭

২৫ আগস্ট ২০২০


বিষয়: **উদ্ভাবন ধারণা আহবান।**

উদ্ভাবন বা ইনোভেশন এর ধারণা টি মূলতঃ বেসরকারি খাত থেকে এসেছে। সরকারি খাতে এর সংজ্ঞা, প্রয়োগ ও পরিব্যাপ্তি নিয়ে তাত্ত্বিকগণের বিভিন্ন মত ও পর্যালোচনা রয়েছে। উদ্ভাবন বা ইনোভেশন মানে হচ্ছে সময় ধাপ ও খরচ কমিয়ে সরকারি সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া। যুক্তরাজ্যের ন্যাশনাল অডিট অফিসের এক প্রতিবেদনে সরকারি উদ্ভাবন বলতে বুঝানো হয়েছে “অন্য কোন প্রতিষ্ঠান, সেক্টর বা দেশ হতে কোন সৃজনশীল চর্চা নিজ ক্ষেত্রে অনুকরণ করা; অথবা সম্পূর্ণ নতুন একটি চর্চার অবতারণা করা; যা প্রশাসনিক পদ্ধতি অথবা সেবা প্রদানের প্রক্রিয়ায় ইতিবাচক পরিবর্তন আনে। এটি ছোটখাট পরিবর্তন হতে পারে যা ক্রমাগতভাবে বিদ্যমান ব্যবস্থা ও পদ্ধতির ধারাবাহিক উন্নয়নে ভূমিকা রাখে।”

২। সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে উদ্ভাবন চর্চার বিষয়টি প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৩ সালে প্রজ্ঞাপন জারি করে। সেপেক্ষিতে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে মন্ত্রণালয়/ বিভাগ থেকে জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা হয়। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ ও অভ্যন্তরীণ কাজের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে ইনোভেশন টিমসমূহ বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে কাজ করে যাচ্ছে। যার মাধ্যমে সেবা প্রাপ্তিতে নাগরিকের ভোগান্তি লাঘবসহ সেবা ব্যবস্থার উন্নয়ন ও নতুন সেবার সুযোগ তৈরী, অভ্যন্তরীণ কর্মপরিবেশ উন্নয়ন ও সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে অংশীদারিত্ব সৃষ্টি হচ্ছে। এছাড়া মন্ত্রণালয়/বিভাগের ইনোভেশন টিম অন্যান্য সংশ্লিষ্ট সকল ইনোভেশন টিমের সাথে সমন্বয় করে একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রস্তুত করে থাকে। ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকগণের উদ্ভাবন চর্চা চলমান রাখাসহ তা আরো বেগবান করার লক্ষ্যে ইনোভেশন টিমের সক্রিয় সদস্য ও উদ্ভাবকগণকে সার্টিফিকেট/ফ্রেস্ট/থ্যাংকস লেটার প্রদান/প্রশিক্ষণ/শিক্ষাসফরে প্রেরণ করা হয়। যার ফলে ইনোভেশন টিমের সদস্যগণ তাদের উদ্ভাবন চর্চায় আরো উৎসাহিত হচ্ছে।

৩। বর্গিতাবস্থায়, আপনার বা আপনার কার্যালয়ের কোন কর্মকর্তা/কর্মচারীর যেকোন ছোট উদ্ভাবন ধারণা নাগরিকের অনেক বড় কষ্ট লাঘবে ভূমিকা রাখতে পারে বিধায় আপনার বা আপনার কার্যালয়ের কোন কর্মকর্তা/কর্মচারীর উদ্ভাবনী ধারণা প্রদান করে সরকারের এই মহতি উদ্যোগকে সফল করে তুলতে আপনার সাহায্য কামনা করছি। সে লক্ষ্যে আপনার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীর যে কোন উদ্ভাবন ধারণা নিম্নবর্ণিত ই মেইল বা খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নাগরিক আবেদন ফরমের লিংকে (নাগরিক আবেদন http://mothi.gov.bd/dak-nagoriks/online_Abedon) আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। আরো উল্লেখ্য যে, মন্ত্রণালয়ে/বিভাগের চাইতে দপ্তর/জেলা ও উপজেলা/মাঠ পর্যায়ে উদ্ভাবন চর্চার সুযোগ বেশী থাকার কারণে উক্ত কার্যালয়ের কর্মকর্তাগণ নাগরিকদের সাথে সরাসরি সেবা প্রদানসহ হাতেকলমে কার্যক্রম পরিদর্শনের সুযোগ পেয়ে থাকে বিধায় এই পত্রটির কপি আপনার কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রদান করে তৃণমূল পর্যায় থেকে উদ্ভাবন চর্চার উদ্যোগ গ্রহণ

করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



২৫-৮-২০২০

ড. সালমা মমতাজ

অতিরিক্ত সচিব

ফোন: +৮৮০২৯৫৪৫০৪২

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল: sasep@mofood.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ/
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/বরিশাল
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)


স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৪.৯৯.০০৫.২০.১০১/১

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭

২৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়



২৫-৮-২০২০

ড. সালমা মমতাজ

অতিরিক্ত সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২২৯

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭

১৩ সেপ্টেম্বর ২০২০

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৬-৯-২০২০

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
<http://food.sylhetdiv.gov.bd>
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২৫০.৩২.০০১.১৯.১৪৫২

তারিখ: ২ আশ্বিন ১৪২৭

১৭ সেপ্টেম্বর ২০২০

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৭-৯-২০২০

মোহাম্মদ আমজাদ হোসেন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ০৮২১-৮৪০৮৩৬

ইমেইল: rcf.slt@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ